# রোমের ইতিহাসঃ সময়সারণি রাজতন্ত্রের যুগ থেকে তৃতীয় পিউনিক যুদ্ধ পর্যন্ত

## প্রাক প্রচলিত অষ্টম ও সপ্তম শতক

| বর্ষ | কী ঘটেছিল |
|---|---|
| ৭৫৩ প্রাক-অব্দ | রোম নগরীর পত্তন। উপকথা অনুযায়ী রোমুলাস ছিলেন রোমের পত্তনকারী এবং এর প্রথম রাজা |
| ৭১৫ প্রাক-অব্দ | Numa Pompilius নুমা পম্পিলিয়াস ছিলেন রোমের দ্বিতীয় রাজা |
| ৬৭৩ প্রাক-অব্দ | Tullus Hostilius টুলাস হস্টিলিয়াস রোমের তৃতীয় রাজা হন। |
| ৬৬৭ প্রাক-অব্দ | Byzantium বাইজ্যান্টিয়াম-এর পত্তন . |
| ৬৪২ প্রাক-অব্দ | টুলাস হস্টিলিয়াস-এর মৃত্যু |
| | রোমের গোড়ার দিককার একটি আইনসভা কিউরিয়েট অ্যাসেম্বলি অ্যাঙ্কাস মার্সিয়াসকে রোমের পরবর্তী রাজা হিসেবে নির্বাচন করে।Ancus Marcius . |

| | |
|---|---|
| ৬১৭ প্রাক-অব্দ | অ্যাঙ্কাস মার্সিয়াস-এর মৃত্যু. |
| ৬১০ প্রাক-অব্দ | কিউরিয়েট অ্যাসেম্বলি লুসিয়াস টার্কুইনিয়াস প্রিসকাসকে রোমের পরবর্তী রাজা হিসেবে নির্বাচন করে Lucius Tarquinius Priscus |

# প্রাক-প্রচলিত ষষ্ঠ শতক

| বর্ষ | কী ঘটেছিল |
|---|---|
| ৫৭৫ প্রাক-অব্দ | সেনেট রিজেন্ট সার্ভিয়াস টুলিয়াসকে রোমের রাজা হিসেবে স্বীকার করে নেয়। Servius Tullius |
| ৫৩৫ প্রাক-অব্দ | সার্ভিয়াস টুলিয়াস এর কন্যা টুলিয়া মাইনর Tullia Minor এবং তার স্বামী লুসিয়াস টারকুইনাস সুপারবাস তৎকালীন সেনেট কক্ষ কিউরিয়া হস্টিলিয়ার সিঁড়িতে রাজা সার্ভিয়াসকে হত্যা করে সিংহাসনে বসেন। |
| ৫০৯ প্রাক-অব্দ | লুসিয়াস টারকুইনাস সুপারবাস-এর পুত্র সেক্সটাস টারকুইনিয়াস অভিজাত প্যাট্রিশিয়ান পরিবারের মেয়ে লুক্রেশিয়া-কে দৈহিক নির্যাতন করেন। লুক্রেশিয়া অপমানিত হয়ে আত্মহত্যা করেন। |

| | |
|---|---|
| | রোমে রাজতন্ত্রের অবসান হয়। লুসিয়াস জুনিয়াস ব্রুটাস কিউরিয়েট অ্যাসেমব্লির সভা আহবান করেন। অ্যাসেমব্লির সভায় ঠিক হয় রাজা টারকুইনাস সুপারবাসকে নির্বাসন দেওয়া হবে। একটি অস্থায়ী সংবিধান গঠিত হয়। ঠিক হয় ব্রুটাস এবং লুক্রেশিয়ার স্বামী লুসিয়াস টারকুইনিয়াস কোল্যাটিনাস যৌথভাবে কনসাল হয়ে প্রশাসনিক দায়িত্ব পালন করবেন। আইনগত দায়িত্ব পালন করবে কিউরিয়েট অ্যাসেমব্লি |
| | সিলভা আর্সিয়া'র যুদ্ধ *Battle of Silva Arsia*:<br><br>টার্কুইনাস সুপারবাস এট্রুস্কান নগররাষ্ট্র ভেইই-এর সহায়তা নিয়ে রোম পুনরুদ্ধারের চেষ্টা করলে রোমের কাছে সিলভা আর্সিয়া-র যুদ্ধে পরাজিত হন। যুদ্ধে ব্রুটাসের মৃত্যু হয়। |
| | রোমান সেনাপতি পাবলিয়াস ভ্যালেরিয়াস পাবলিকোলা, কনসাল হয়ে কতকগুলি গুরুত্বপূর্ণ সংস্কার করেন। এর মধ্যে ছিল কোষাগার-এর দায়িত্ব কোয়েস্টার নামক ম্যাজিস্ট্রেটদের হাতে তুলে দেওয়া এবং কনসাল পদ সমস্ত নাগরিকের জন্য উন্মুক্ত করা। |
| | জুপিটার অপটিমাস ম্যাক্সিমাস-এর মন্দির আনুষ্ঠানিকভাবে রোমানদের তিন প্রধান দেবতা (ক্যাপিটলিয়ান ট্রায়াড)জুপিটার, জুনো এবং মিনার্ভা-র প্রতি উৎসর্গ করা হয়। |

| | |
|---|---|
| ৫০৮ প্রাক-অব্দ | টারকুইনাস সুপারবাসকে সিংহাসন ফিরিয়ে দেওয়ার উদ্দেশ্যে ক্লুসিয়াম এর রাজা লারস পরসেনা-র রোম আক্রমণ। রোমান ঐতিহ্য অনুযায়ী এবং পরবর্তীকালে লিভি'র রচিত ইতিহাস অনুযায়ী পরসেনা ব্যর্থ হয়েছিলেন। (সাম্প্রতিক গবেষণায় কেউ কেউ বলেছেন, সম্ভবত লারস পরসেনাই-রোমে রাজতন্ত্রের পতনের জন্য দায়ী। তিনিই টারকুইনাসকে পরাজিত করে সাময়িকভাবে রোম দখল করেছিলেন।) . |
| ৫০১ প্রাক-অব্দ | এই সময় স্যাবাইনরা রোম আক্রমন করতে পারে এমন সম্ভাবনা তৈরি হয়েছিল। সেনেট কনসালদের পরামর্শ দেয় যে, যুদ্ধের সময় বা জাতীয় দুর্যোগের সময় কনসালরা কাউকে ডিকটেটর হিসেবে নির্বাচিত করবেন। ডিকটেটর আবার বেছে নেবেন ম্যাজিস্টার ইকুইটাম বা অশ্বারোহী বাহিনীর প্রধান কে। এই সময় থেকেই যুদ্ধের সময় কোন একজন কনসালকে ডিকটেটর হিসেবে বেছে নেওয়ার রীতি চালু হয়।. |

## প্রাক প্রচলিত পঞ্চম শতক

| বর্ষ | কী ঘটেছিল |
|---|---|
| ৪৯৪ প্রাক-অব্দ | *First* secessio plebis:<br>প্যাট্রিসিয়ান প্লেবিয়ান দ্বন্দ্বের প্রথম ধাপ। লুসিয়াস সিসিনিয়াস ভেল্লুটুস-এর নেতৃত্বে প্লেবিয়ানদের প্রথম বিচ্ছেদ। দাবি দাওয়া আদায়ের জন্য এই প্রথম প্লেবিয়ানরা রোম ছেড়ে পার্শ্ববর্তী পাহাড়ে আশ্রয় নিয়েছিল। |

| | |
|---|---|
| ৪৭১ প্রাক-অব্দ | প্লেবিয়ান কাউন্সিল স্বীকৃতি লাভ করে। প্লেবিয়ান কাউন্সিলের প্রধান হিসেবে প্লেবিয়ান ট্রিবিউনেট পদের সৃষ্টি হয়। এই ট্রিবিউনেটরা কাউন্সিল-এর সভা ডাকতে পারতেন, আইনগত বিষয়ে প্লেবিয়ানদেরও পক্ষে হস্তক্ষেপ করতে পারতেন এবং কনসালদের কাজে ভেটো দিতে পারতেন। |
| ৪৪৯ প্রাক-অব্দ | প্লেবিয়ান কাউন্সিল-এর সিদ্ধান্ত (রেজোলিউশন) সব ক্ষেত্রে প্রযোজ্য আইনের মর্যাদা পায়। একমাত্র সেনেটের অধিকার ছিল এই আইনকে নাকচ করা (ভেটো দেওয়া)। |
| | দ্বিতীয় ডিসেম্ভিরি ( decemviri, বা দশজন বিশেষ ভাবে নির্বাচিত সদস্যের কমিশন) এর অধিবেশন শেষ হয়। বারো টেবিলের আইনের (রোমের প্রথম লিখিত আইন) শেষটি প্রকাশিত হয়। |
| ৪৪৭ প্রাক-অব্দ | ট্রাইবাল অ্যাসেমব্লি (Tribal Assembly) প্রতিষ্ঠিত হয়। তাদের ওপর কোয়েস্টারদের নির্বাচিত করার অধিকার দেওয়া হয় |
| ৪৪৫ প্রাক-অব্দ | *Lex Canuleia:* লেক্স ক্যানুলেইয়া আইনের বলে প্যাট্রিসিয়ান ও প্লেবিয়ানদের মধ্যে বিবাহ আইনসিদ্ধ হয়। |
| ৪৪৩ প্রাক-অব্দ | 'সেনসার'- পদটির সৃষ্টি হয়। এটি একটি ম্যাজিস্ট্রেটের পদ। প্যাট্রিশিয়ানদের জন্যই নির্দিষ্ট ছিল। কনসাল-এর অবর্তমানে লোকগণনার কাজ চালানর জন্য এই পদের সৃষ্টি হয়। রোমান ঐতিহ্য অনুযায়ী রাজা সার্ভিয়াস টুলিয়াসের আমলে প্রথম লোকগণনার কাজ শুরু হয়। রোমান শাসনব্যবস্থায় লোকগণনার খুব গুরুত্ব ছিল, কারণ এর মধ্যে দিয়েই সম্পদ ও কাজের ভিত্তিতে তাদের বিভিন্ন শ্রেণিতে ভাগ করা হত। |

# প্রাক প্রচলিত চতুর্থ শতক

| বর্ষ | কী ঘটেছিল |
|---|---|
| ৩৯৬প্রাক-অব্দ | রোমান ডিকটেটর মার্কাস ফিউরিয়াস ক্যামিল্লাস-এর সেনাপতিত্বে রোমানরা ভেই দখল করে। |
| | রোমান সৈন্যরা প্রথম স্যালারি (লাতিন সলট থেকে এসেছে) বা বেতন পায়। |
| ৩৯০ প্রাক-অব্দ | *Battle of the Allia*: আল্লিয়া ও টাইবার নদীর সঙ্গমস্থলে আল্লিয়া-র যুদ্ধে রোমানরা প্রাচীন গল উপজাতি সেননি-দের কাছে পর্যুদস্ত হয়। তারা রোম লুঠ করে। বইপত্র পুড়িয়ে দেয়। এই জন্য ৩৯০ প্রাক-অব্দের পূর্ববর্তী রোমান ইতিহাসরচনার ক্ষেত্রে সমসাময়িক লিখিত উপাদান কিছুই প্রায় পাওয়া যায়না। |
| | |
| ৩৬৬ প্রাক-অব্দ | লুসিয়াস সেক্সটিয়াস প্লেবিয়ানদের মধ্যে থেকে প্রথম কনসাল পদ গ্রহণ করেছিলেন। Lucius Sextius |
| | এই বছরই প্রতিষ্ঠিত হয়েছিল প্রেটর পদটি। কনসালদের পদে প্লেবিয়ানদের যোগদান করার অধিকার দেওয়া হলে কেবলমাত্র প্যাট্রিশিয়ানদের জন্য এই পদটি তৈরি করা হয়েছিল। কনসালদের আইনবিভাগীয় কাজকর্মের দায়িত্ব দেওয়া হয়েছিল প্রেটর-দের। |

| | |
|---|---|
| ৩৫১ প্রাক-অব্দ | প্লেবিয়ানদের মধ্যে থেকে প্রথম ডিকটেটর নিযুক্ত হয়েছিলেন। |
| | প্লেবিয়ানদের মধ্যে থেকে প্রথম সেন্সার নিযুক্ত হয়েছিলেন। |
| ৩৪৩ প্রাক-অব্দ | Samnite Wars: স্যামনাইট যুদ্ধ শুরু হয়। ক্যাম্পানিয়া অঞ্চলকে দখল করার জন্য রোমের সঙ্গে স্যামনাইট-দের যুদ্ধ হয়েছিল। |
| ৩৪১ প্রাক-অব্দ | *স্যামনাইট যুদ্ধের সাময়িক অবসান।* |
| ৩৪০ প্রাক-অব্দ | Latin War: রোমের অব্যবহিত দক্ষিণের লাতিন উপজাতিদের নিয়ে গঠিত লাতিন লীগ স্যামনিয়াম আক্রমণ করলে লাতিন যুদ্ধ শুরু হয়। |
| ৩৩৯ প্রাক-অব্দ | একটি আইন পাশ হয়েছিল যেখানে বলা হয় প্রতি পাঁচ বছরে অন্তত একজন প্লেবিয়ান সেন্সার পদে নিযুক্ত হবেন। |
| ৩৩৮ প্রাক-অব্দ | রোম লাতিন লীগকে পরাজিত করে। |
| ৩৩৭ প্রাক-অব্দ | প্রথম প্লেবিয়ান প্রেটর নির্বাচিত হন।. |

| | |
|---|---|
| ৩২৮-৩০৪ প্রাক-অব্দ | *স্যামনাইট এবং এট্রুস্কানদের সঙ্গে দীর্ঘ যুদ্ধ চলে। স্যামনাইট দের সঙ্গে মিত্রতা পুনঃস্থাপিত হয় .* |

## প্রাক প্রচলিত তৃতীয় শতক

| বর্ষ | কী ঘটেছিল |
|---|---|
| ৩০০ প্রাক-অব্দ | লেক্স ওগুলনিয়াঃ এই আইনে প্লেবিয়ানদের পুরোহিত হওয়ার অধিকারকে স্বীকৃতি সেওয়া হয়। |
| ২৯৮-২৯০ প্রাক-অব্দ | তৃতীয়বারের জন্য স্যামনাইটদের সঙ্গে রোমানদের যুদ্ধশুরু হয়। দীর্ঘ যুদ্ধের পর ২৯০ প্রাক অব্দে স্যামনাইটদের চুড়ান্ত পরাজয়ের মধ্যে দিয়ে যুদ্ধের সমাপ্তি হয়েছিল। |
| ২৮৭ প্রাক-অব্দ | প্যাট্রিশিয়ান-প্লেবিয়ান দ্বন্দ্বের অন্তিম অধ্যায়। এই সময় প্লেবিয়ানরা আরো একবার রোম ছেড়ে চলে গিয়েছিলেন। |
| | লেক্স হর্টেনসিয়াস আইনটি পাশ হয়। এই আইন অনুযায়ী প্লেবিয়ান কাউন্সিলের গৃহীত আইন সমস্ত রোমান নাগরিকদের মেনে চলা বাধ্যতামূলক বলে মেনে নেওয়া হয়। এর আগে প্লেবিয়ান কাউন্সিলের আইনের ওপর সেনেটের ভেটো প্রদানের ক্ষমতা ছিল। সেই ক্ষমতা বাতিল করা হয়। |

| | |
|---|---|
| ২৮৩- প্রাক-অব্দ | লেক ভ্যাডিমোর যুদ্ধে এট্রুস্কান বোই এবং সেননি উপজাতির সম্মিলিত বাহিনী রোমের সঙ্গে যুদ্ধে পরাজিত হয়। |
| ২৮১ প্রাক-অব্দ | রোমের আক্রমণের বিরুদ্ধে দক্ষিণ ইটালির ট্যারান্টো অঞ্চল এপিরাস-এর বিখ্যাত গ্রীকরাজা পাইরাস-এর কাছে সাহায্যের আবেদন করে।. |
| ২৮০-২৭২ প্রাক-অব্দ | রাজা পাইরাসের বাহিনীর সঙ্গে রোমের যুদ্ধ শুরু হয়। প্রাথমিকভাবে কয়েকটি যুদ্ধে জিতলেও রোমকে প্রতিহত করা সম্ভব নয় বুঝে পাইরাস দেশে ফিরে যান। টারান্টোর ওপর রোমের আধিপত্য প্রতিষ্ঠিত হয়। |

| | |
|---|---|
| ২৬৪-২৪১ প্রাকঅব্দ | পশ্চিম ভূমধ্যসাগরীয় অঞ্চলের ওপর অধিকার নিয়ে রোম এবং কার্থেজের মধ্যে দীর্ঘ নৌ যুদ্ধ চলে। বিশেষ করে সিসিলি দ্বীপের ওপর অধিকার করার চেষ্টা করেছিল উভয় শক্তি। শেষ পর্যন্ত কার্থেজ এই যুদ্ধে পরাজিত হয়। সিসিলি রোমান সাম্রাজ্যের একটি প্রদেশে পরিণত হয়। |
| ২১৮-২০১ প্রাক অব্দ | দ্বিতীয় পিউনিক যুদ্ধ। এই যুদ্ধে কার্থেজের বিখ্যাত সেনাপতি হানিবালের সামরিক দক্ষতার সামনে রোম বারবার বিপর্যয়ের সম্মুখীন হয়েছে। কিন্তু শেষ পর্যন্ত রোমানদের অক্লান্তভাবে যুদ্ধ চালিয়ে যাওয়ার ক্ষমতার কাছে |

| | |
|---|---|
| | কার্থেজ আত্মসমর্পণ করতে বাধ্য হয়। এই যুদ্ধে রোমান সেনাপতি সিপিও আফ্রিকানাস বিশেষ সাফল্য ও খ্যাতি অর্জন করেন।<br>দ্বিতীয় পিউনিক যুদ্ধ চলাকালীন পূর্বদিকে রোম ম্যাসিডনিয়ার রাজা দ্বিতীয় ফিলিপসের সঙ্গে প্রথম ম্যাসিডনিয়ার যুদ্ধে জড়িয়ে পড়ে। এই যুদ্ধে কোনও পক্ষই জয়লাভ করেনি। |
| | . |

## প্রাক প্রচলিত দ্বিতীয় শতক

| | |
|---|---|
| ১৭২-১৬৭ প্রাক-অব্দ | রোম ম্যাসিডনিয়ার বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করে। ম্যাসিডনিয়ার রাজা পার্সিয়াস রোমের হাতে পরাজিত ও বন্দী হন। ম্যাসিডনিয়াকে রোমের নিয়ন্ত্রণে চারটি অঞ্চলে (ডিস্ট্রিক্ট) ভাগ করা হয়। |
| ১৫০-১৪৮ প্রাকঅব্দ | চতুর্থ ম্যাসিডনিয়ান যুদ্ধঃ অ্যান্ড্রিসকাস নামক এক ব্যক্তি রোমের বিরুদ্ধে বিদ্রোহ করেন। তিনি নিজেকে ম্যাসিডনিয়ার রাজা পার্সিয়াস-এর পুত্র হিসেবে দাবি করেছিলেন। বিদ্রোহ ব্যর্থ হয়। অ্যান্ড্রিসকাস-কে মৃত্যুদণ্ড দেওয়ার জন্য রোমে নিয়ে আসা হয়। |
| ১৪৯-১৪৬ প্রাকঅব্দ | তৃতীয় পিউনিক যুদ্ধঃ রোমে কার্থেজের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করে। কার্থেজ পয়াজিত হয়। নগরটি ভস্মীভূত করা হয়। সেখানকার অধিবাসীদের দাস হিসেবে নিয়ে আসা হয়। |